



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট  
পরিকল্পনা ও উন্নয়ন শাখা  
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯  
www.pmeat.gov.bd



**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ২০২৩-২৪ অর্থবছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত 'নৈতিকতা কমিটি'র ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।**

সভাপতি	স্মৃতি কর্মকার ব্যবস্থাপনা পরিচালক
সভার তারিখ	৩০ অক্টোবর ২০২৩
সভার সময়	বেলা ০২:৩০ টা।
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ (কক্ষ নং ২১৫)।
উপস্থিতি	“পরিশিষ্ট”

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত 'নৈতিকতা কমিটি'র কার্যপরিধি এবং সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন। তিনি ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ সভায় তুলে ধরেন এবং এর বাস্তবায়নের সাথে ট্রাস্টের কোন কোন শাখা যুক্ত তা সভাকে অবহিত করেন।

সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় জানান, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট হতে দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের চিকিৎসা অনুদান এবং জরুরি আর্থিক সহায়তার পরিমাণ অন্যান্য আর্থিক সহায়তার তুলনায় বেশি এবং চিকিৎসা অনুদানপ্রাপ্ত এবং জরুরি সহায়তাপ্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যা তুলনামূলকভাবে কম হওয়ায় এসব শিক্ষার্থীর সাথে ফোনে যোগাযোগ করে চেক প্রাপ্তির বিষয়ে ফিডব্যাক নেয়া যায় কিনা সে বিষয়ে সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন।

এছাড়া, শুদ্ধাচার বিষয়ে কর্মচারীদের অংশগ্রহণে মতবিনিময় সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

### ৩.০ সিদ্ধান্ত:

ক্রম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৩.১	জরুরি আর্থিক সহায়তাপ্রাপ্ত এবং দুর্ঘটনায় চিকিৎসা অনুদানপ্রাপ্ত শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করে ফিডব্যাক নিতে হবে (চেক ইস্যু করার তারিখ হতে কতদিন পর শিক্ষার্থী চেক পেয়েছে, চেক পাওয়ার ক্ষেত্রে শিক্ষার্থী কোনো সমস্যার সম্মুখীন হয়েছে কিনা) ;	সহকারী পরিচালক (উপবৃত্তি) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩.২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ১.৪ অনুযায়ী আগামী ২০ ডিসেম্বর ২০২৩ তারিখের মধ্যে ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে শুদ্ধাচার সংক্রান্ত একটি মতবিনিময় সভা আয়োজন করা হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

৪.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১১-১২-২০২৩  
স্মৃতি কর্মকার  
ব্যবস্থাপনা পরিচালক  
০২-৮১৯২২০০  
md@pmeat.gov.bd

২৬ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ  
তারিখ: ১১ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০১.১৮.১২২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ২। পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি (HSP), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৫। সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
- ৬। সহকারী পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং
- ৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।



*Ajahan*

১২-১২-২০২৩  
রেজওয়ানা আক্তার জাহান  
সহকারী পরিচালক